আইফোন হ্যাক করার অভিযোগে ইসরাইলি প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা

ইসরাইলের তৈরি কুখ্যাত হ্যাকিং সফটওয়্যার পেগাসাসের বিরুদ্ধে এবার মামলা করেছে মার্কিন বহুজাতিক প্রযুক্তি প্রতিষ্ঠান অ্যাপল।

পেগাসাস হ্যাকিং সফটওয়্যার প্রস্তুতকারী ইসরাইলি প্রতিষ্ঠান এনএসওর বিরুদ্ধে মার্কিন আদালতে শনিবার এ মামলা করা হয়েছে।

মামলার এজাহারে অ্যাপল বলেছে, ইসরাইলের কুখ্যাত এই হ্যাকিং সফটওয়্যার বিভিন্ন দেশের রাজনীতিক, সাংবাদিক, আইনজীবী ও মানবাধিকারকর্মীসহ গুরুত্বপূর্ণ ব্যক্তিদের স্মার্টফোনে আড়িপাতার ঘটনা ফাঁস হয়েছে।

বর্তমানে ইসরাইলি প্রতিষ্ঠান এনএসওর হ্যাকিং সফটওয়্যার পেগাসাস আইফোনের গ্রাহকদের মোবাইলও হ্যাক করার চেষ্টা করছে। এটি মার্কিন নীতির স্পষ্ট লঙ্ঘন।

এর আগে গত অক্টোবারে হোয়াটসঅ্যাপ এবং সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকও ইসরাইলি প্রতিষ্ঠানটির বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করে।

এ কারণে গত ৩ অক্টোবর কুখ্যাত ওই ইসরাইলি প্রতিষ্ঠানের বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপ করেছে যুক্তরাষ্ট্র।

ব্রিটিশ প্রভাবশালী দৈনিক গার্ডিয়ান এক প্রতিবেদনে জানিয়েছে, পেগাসাস ব্যবহার করে বিভিন্ন দেশের কর্তৃত্ববাদী সরকারগুলো ‘টার্গেট’ করে নিজ দেশের বিভিন্ন ব্যক্তির ওপর নজরদারি চালাচ্ছিল যাদের তারা হুমকি বলে মনে করে।

এসব সরকার কোনো না কোনো সময় নাগরিক অথবা বিরোধী রাজনৈতিক নেতা অথবা সামাজিক আন্দোলনের সঙ্গে জড়িতদের ওপরে গোপন নজরদারির জন্য অভিযুক্ত হয়েছে।

এই দেশগুলোর মধ্যে বেশ কিছু দেশের সরকার আবার পেগাসাস অ্যাপের নির্মাতা সংস্থা এনএসওর কাছ থেকে মিলিটারি ইন্টেলিজেন্সির

প্রযুক্তি কেনার গ্রাহক।

ইসরাইলি প্রতিষ্ঠান এনএসও গ্রুপ পেগাসাস নামে ওই স্পাইওয়্যারের নির্মাতা সংস্থা এবং এই অ্যাপটিকে মিলিটারি ইন্টেলিজেন্সের লাইসেন্সও দিয়েছে ইসরাইল সরকার। এটি দিয়ে আইফোন কিংবা অ্যান্ড্রয়েড ফোনে ঢুকে ব্যবহারকারীর অজান্তে তার বার্তা, ছবি, ইমেইল পাচার; কল রেকর্ড, মাইক্রোফোন চালু রাখা সক্ষম।

এনএসও গ্রুপ অবশ্য বলছে, অপরাধী ও সন্ত্রাসীদের ওপর নজরদারি চালানো তাদের ওই স্পাইওয়্যার তৈরির লক্ষ্য। কিন্তু গোপনে ব্যবহার করতে বিভিন্ন দেশের সরকার এনএসওর গ্রাহক হয়েছে বলে অভিযোগ উঠেছে।

রিয়েলমি জিটি নিও ২– এই বছরের সেরা ফ্ল্যাগশিপ কিলার স্মার্টফোন

বাংলাদেশের বাজারে জিটি মাস্টার এডিশনের সাফল্যের পর, তরুণদের পছন্দের স্মার্টফোন ব্র্যান্ড রিয়েলমি নিয়ে এসেছে বছরের সেরা ফ্ল্যাগশিপ জিটি নিও ২।

রিয়েলমি’র তরুণ ব্যবহারকারীরা মাল্টি-টাস্কিং, স্মার্টফোন গেমিং করতে ভালোবাসেন, পাশাপাশি তাদের প্রয়োজন দুর্দান্ত আউটলুক এবং স্টাইলের স্মার্টফোন যা দারুণ স্পেসিফিকেশন, ইনোভেশনের সাথে তাদের লাইফস্টাইলকে এগিয়ে নিবে। সবদিক বিবেচনায় রিয়েলমি বাজারে নিয়ে এসেছে অল-রাউন্ডার ফ্ল্যাগশিপ জিটি নিও ২।

রিয়েলমি ডিজাইন স্টুডিও’র নতুন সৃষ্টি – ডিজিটাল আরবান ডিজাইন। ডিজাইনের ক্ষেত্রে রিয়েলমি গ্রাহকের চমক দিয়েই যাচ্ছে। রিয়েলমি’র ডিজাইন স্টুডিও তরুণদের মানসিকতার সাথে মিল রেখে অসাধারণ সব ডিজাইন নিয়ে আসছে।

বাজারে নতুন হলেও, রিয়েলমি ইতোমধ্যে তিনটি ভিন্ন স্মার্টফোনের

এতে রয়েছে ৩০ শতাংশ এলাকা বর্ধিতকরণ, মূল তাপমাত্রা সর্বোচ্চ ১৮ ডিগ্রি সেলসিয়াস হ্রাস এবং ২০ শতাংশ উচ্চতর ফ্রিকোয়েন্সি নিশ্চিত করার মতো সুবিধা। জিটি সিরিজে প্রথমবারের মতো কোর কুলিং এরিয়াতে স্টিল-কপার কম্পোজিট কাঠামো প্রয়োগ করা হয়েছে। এই স্টেইনলেস স্টীল ব্যাপকহারে তাপমাত্রা হ্রাস করতে সক্ষম।

১২০ হার্টজ ই৪ অ্যামোলেড ডিসপ্লে

এ বছরের সেরা স্মার্টফোন ডিসপ্লে থাকছে রিয়েলমি জিটি নিও-২ তে! এর ১২০ হার্টজ ই৪ অ্যামোলেড ডিসপ্লে (৯২.৬ শতাংশ স্ক্রিন-টু-বডি অনুপাতসহ ৬.৬২ ইঞ্চির স্ক্রীন-সাইজ) ব্যবহারকারীদের দিবে দুর্দান্ত দেখার অভিজ্ঞতা।

পাশাপাশি, এর টাচ স্যাম্পলিং রেট ৬০০ হার্টজ যা স্মার্টফোন ইন্ডাস্ট্রির মধ্যে অন্যতম সর্বোচ্চ এবং গেমারদের দিবে দুর্দান্ত অভিজ্ঞতা। ১৩০০ নিটস পিক ব্রাইটনেস থাকায়
আউটডোরে পাওয়া যাবে দুর্দান্ত ভিউয়িং এক্সপেরিয়েন্স।

৫,০০০ মিলিঅ্যাম্পিয়ারের শক্তিশালি ব্যাটারি, ৩৬ মিনিটেই ফুল চার্জ

এ ফোনের ৫,০০০ মিলিঅ্যাম্পিয়ারের ব্যাটারি গেমিং-প্রেমীদের দিবে অনন্য গেমিং অভিজ্ঞতা। শক্তিশালি এ ব্যাটারি দিবে টানা ৩৩ ঘন্টা কল বা টানা ৮৮ ঘন্টা মিউজিক বা টানা ২৪ ঘন্টা ভিডিও প্লেব্যাক কিংবা টানা ৮ ঘণ্টা নিরবিচ্ছিন্ন গেমিং’র নিশ্চয়তা।

৬৫ ওয়াট সুপারডার্ট চার্জ থাকায় এ ফোন সম্পূর্ণ চার্জ হতে সময় নেয় মাত্র ৩৬ মিনিট। নিরাপত্তা নিশ্চিতে ডিভাইসটিতে ব্যাটারির সুরক্ষার জন্য ভোল্টেজ সামঞ্জস্য করার প্রযুক্তি রয়েছে। জিটি নিও ২ ব্যবহারকারীরা ফোনের চার্জ শেষ হয়ে যাওয়ার দুশ্চিন্তা ছাড়াই এই স্মার্টফোনটি নিশ্চিন্তে ব্যবহার করতে পারবেন।

স্ট্রিট ফটোগ্রাফি মোডসহ ৬৪ মেগাপিক্সেল এআই ট্রিপল ক্যামেরা সেটআপ

রিয়েলমি জিটি নিও ২ তে রয়েছে ট্রিপল ক্যামেরা সেটআপ – ৬৪ মেগাপিক্সেল মূল ক্যামেরা, ৮ মেগাপিক্সেলের ১১৯⁰ আল্ট্রা-ওয়াইড লেন্স এবং ৪ সেন্টিমিটার ম্যাক্রো লেন্স। এ ফোনে আরও আছে ‘এক্সক্লুসিভ স্ট্রিট ফটোগ্রাফি মোড’, যা ডিআইএস স্ন্যাপশট,

ইনস্ট্যান্ট ফোকাস ও কুইক জুমের মতো ফিচারের মাধ্যমে ব্যবহারকারীদের চমৎকার স্ট্রিট ফটোগ্রাফির অভিজ্ঞতা প্রদান করবে।

এই মোডে ফর্মাল ফাংশন, ফিল্ম সিমুলেশন ফিল্টার, ইনস্ট্যান্ট ফোকাস ও ডাবল ক্লিক টু কুইক লঞ্চসহ আরও কিছু অসাধারণ ফিচার আছে। এই ক্যামেরা সেটআপ ব্যবহারকারীদের অসাধারণ ফটোগ্রাফি অভিজ্ঞতা দিবে।

এই ফোনে আরও রয়েছে ডায়নামিক র্যাম সম্প্রসারণ প্রযুক্তি, ইউএফএস ৩.১ ফ্ল্যাশ স্টোরেজ সুবিধা এবং ওয়াইফাই ৬ সমর্থন করার জন্য জিটি মোড ২.০।

৮ জিবি + ৫ জিবি ডিআরই র্যাম এবং ১২৮ জিবি সুবিধা দিয়ে সজ্জিত স্টোরেজ সমৃদ্ধ এ ফোনটির নিও গ্রীণ কালারের সংস্করণটি এখন বাজারে পাওয়া যাচ্ছে। চমৎকার এসব ফিচার সম্বলিত এ ফোনটি গ্রাহকেরা কিনতে পারবেন মাত্র ৩৯,৯৯০ টাকায়।

ফোনটির বাজারমূল্য মাত্র ৩৯,৯৯০ টাকা। পাশাপাশি, দারাজ থেকে ১৫ নভেম্বর সন্ধ্যা ৬টায় ফ্ল্যাশসেলে কিনলেই পাওয়া যাবে বিশাল ছাড়, আকর্ষণীয় উপহার এবং ১২ মাস পর্যন্ত ইএমআই সুবিধা। কেনার জন্য ক্লিক: https://click.daraz.com.bd/e/_6HV62।

ফেসবুকের নতুন সুবিধা ব্যবহারে মিলবে ৫০ হাজার ডলার

ফেসবুকের ‘লাইভ অডিও রুমস’ ব্যবহারের জন্য কনটেন্ট নির্মাতাদের ৫০ হাজার ডলার পর্যন্ত দেবে মেটা। পাশাপাশি ইনস্টাগ্রামে ‘রিল’ (খুদে ভিডিও) তৈরির জন্যও নির্মাতাদের ৩৫ হাজার ডলার পর্যন্ত দেওয়া হবে।

ইন্ডিয়ান এক্সপ্রেসের এক প্রতিবেদনে বলা হয়, সংগীতশিল্পী ও অন্যান্য কনটেন্ট নির্মাতাকে অডিও রুমস ব্যবহারের জন্য প্রতি

সেশনে ১০ থেকে ৫০ হাজার ডলার পর্যন্ত দেওয়া হবে। সঙ্গে অতিথির জন্য অন্তত ১০ হাজার ডলারের ব্যবস্থাও থাকবে।

সেই অর্থের বিনিময়ে ফেসবুকের কনটেন্ট নির্মাতাদের অন্তত ৩০ মিনিটের ৪ থেকে ৬টি অধিবেশন পরিচালনা করতে হবে। লাইভ অডিও রুমসের সঙ্গে কোনো অলাভজনক সংস্থাকে তহবিল গঠনের জন্য যুক্ত করার সুবিধাও আছে। শ্রোতা ও বক্তারা চাইলে সেখানে সরাসরি অর্থ দিতে পারেন। অডিও রুমসে ৫০ জন পর্যন্ত বক্তা যুক্ত করার সুযোগ পাবেন হোস্ট। তবে শ্রোতার পরিমাণের কোনো সীমা নেই।

গত জুনে লাইভ অডিও রুমস ও পডকাস্ট সুবিধা দুটি চালু করে ফেসবুক। অডিও রুমস সুবিধার মাধ্যমে অনুসারীদের সঙ্গে সরাসরি কথোপকথন চালানো যায়। ফেসবুকের আগে এমন সুবিধা এনেছিল ‘ক্লাবহাউস’ নামের অ্যাপ। সেটি তুমুল জনপ্রিয় হওয়ায় ফেসবুকেও একই সুবিধা যুক্ত করা হয়।

উইন্ডোজ মিডিয়া প্লেয়ারে পরিবর্তন

মাইক্রোসফট উইন্ডোজ ১১-এর জন্য নতুন মিডিয়া প্লেব্যাক অ্যাপ তৈরি করেছে প্রতিষ্ঠানটি। অ্যাপটিতে গ্রোভ মিউজিক অ্যাপ এবং ২০০৯ সাল থেকে কোনো অপরিবর্তিত উইন্ডোজ মিডিয়া প্লেয়ার উভয়েরই সব সুবিধা নিয়ে তৈরি করা হয়েছে। উইন্ডোজ ইনসাইডার গ্রাহকরা এখনই ‘মিডিয়া প্লেয়ার ফর উইন্ডোজ ১১’ নামের অ্যাপটি ব্যবহার করতে পারছেন।

অ্যাপটি মিউজিক এবং ভিডিও প্লেব্যাকের জন্য ডিজাইন করা হয়েছে। যারা গ্রোভ মিউজিক অ্যাপ ব্যবহার করতেন তারা নতুন অ্যাপের আপডেট করতে পারবেন। গ্রোভ মিউজিক অ্যাপের লাইব্রেরি এবং প্লেলিস্ট স্বয়ংক্রিয়ভাবে নতুন মিডিয়া প্লেয়ার অ্যাপে মাইগ্রেট হয়ে যাবে। মাইক্রোসফট জানিয়েছে, ব্যবহারকারীরা কী শুনতে চান সেটি সহজেই লাইব্রেরি থেকে ব্রাউজ করতে পারবেন। এ ছাড়া প্লেলিস্ট তৈরি ও ব্যবস্থাপনা করতে পারবেন। প্লেব্যাকের সময় অ্যালবাম আর্ট ও ‘রিচ

আর্টিস্ট ইমেজারি’ ফুল স্ক্রিন অথবা মিনি-প্লেয়ার মোডে দেখা যাবে।

অনলাইন জুয়ার খপ্পরে মেহেরপুরের অর্ধশত তরুণ

ওয়ানএক্সবেট, বেট৩৬৫সহ বিভিন্ন অ্যাপস ব্যবহার করে অনলাইন জুয়ার খপ্পরে পড়েছে মেহেরপুরের অর্ধশত তরুণ। এদের সকলের বয়স ২০ থেকে ৩৫ এর মধ্যে। এমনই তথ্য মিলেছে সম্প্রতি সিআইডি সদর দপ্তর ও মেহেরপুর সাইবার ক্রাইম বিভাগ কয়েকজনকে আটক করার পর। এ ঘটনার পর এলাকায় অনলাইন জুয়া নিয়ে নতুন করে আলোচনা শুরু হয়েছে।

মেহেরপুরের মুজিবনগর উপজেলার কোমরপুর, যতারপুর, গোপালপুর, সদর উপজেলার ইসলামপুর, বারাদি, দরবেশপুর, শহরের বেশ কিছু পয়েন্টে অনলাইন জুয়াতে তরুণরা ঝূঁকে পড়েছে বলে বিভিন্ন সময় অভিযোগ পাওয়া যায়। এই অঞ্চলের তরুণদের মাঝে অস্বাভাবিক জীবনযাপন করার প্রবণতাও লক্ষ্যে করা গেছে।

খোঁজ নিয়ে জানা গেছে, ইয়ামাহা আর১৫, ইয়ামাহা ভার্সন ৩, সুজুকি জিক্সার এবিএস ভার্সনসহ দামি ব্রাণ্ডের মোটরসাইকেল, অ্যাপল ব্রাণ্ডের মোবাইল ফোন তরুণদের ব্যবহার করতে দেখা যাচ্ছে। কোমরপুর ও ইসলামপুর এলাকায় এমন দামি ব্রাণ্ডের মোটরসাইকেল অর্ধশতাধিক তরুণ ব্যবহার করে বলেও তথ্য পাওয়া গেছে। যার ফলে এলাকায় সন্ত্রাসী কর্মকাণ্ডসহ অনৈতিক কর্মকাণ্ড বেড়ে যাওয়ার আশঙ্কা দেখা দিয়েছে।

জানা গেছে, গত ২ নভেম্বর সন্ধ্যা রাতে মেহেরপুর সদর উপজেলার ইসলামপুর ব্রীজ থেকে জনি ও মেহেদী নামের দুই তরুণকে আটক করে মেহেরপুর সাইবার ক্রাইম বিভাগ। পরে ১৩ নভেম্বর সিআইডি সদর দপ্তর মেহেরপুর, চুয়াডাঙ্গা ও কক্সবাজারে অভিযান চালিয়ে ৯জনকে আটক করে। পৃথক এ অভিযানে আটক ১১ জনের মধ্যে মেহেরপুরের ৭জন। সাতজনই একইভাবে অনলাইন জুয়া ওয়ানএক্সবেট, বেট৩৬৫ মোবাইল অ্যাপসহ কয়েকটি অনলাইন জুয়া প্লাটফর্মের মাধ্যমে বিদেশে টাকা পাচার করছে। বিশেষ

করে মোবাইল ব্যাঙ্কিং এই অর্থ লেনদেনের মূল হাতিয়ার। বিকাশ, নগদসহ বিভিন্ন মোবাইল ব্যাঙ্কিং এজেন্টদের সিম ব্যবহার করে এই অর্থ লেনদেন করা হচ্ছে। অস্বাভাবিক লেনদেনের মাধ্যমে অল্পদিনেই এসব এজেন্টরাও ফুলে ফটে উঠছে।এদের আটকের আগে জেলা থেকে প্রতিদিন ৩থেকে৫ কোটি টাকা পর্যন্ত লেনদেন হতো। যার অধিকাংশই বিদেশে পাচার হয়।

এলাকায় খোঁজ নিয়ে জানা গেছে, পুলিশের হাতে আটক মেহেদী হাসান (২২)। মেহেরপুর সদর উপজেলার ইসলামপুর গ্রামের পল্লী চিকিৎসক আব্দুল কাদেরের ছেলে। কুষ্টিয়ার একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনার্স শেষ বর্ষের শিক্ষার্থী।
অপর আটক তরুণ মো: জনি মিয়া (২০)। একই গ্রামের মানিক মিয়ার ছেলে। আট থেকে দশ বছর আগে বাস করতো মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামে। পরে ইসলামপুরে নানার বাড়িতে চলে আসে। সেখানেই বসবাস করে তারা। জনি মেহেরপুর সরকারি কলেজে অনার্স প্রথম বর্ষের শিক্ষার্থী।

গত ২ নভেম্বর সন্ধ্যা রাতে গ্রামের ব্রীজে বসে দুই বন্ধু গল্প করছিলো। গল্পের মাঝে হানা দিয়ে তাদের আট করে মেহেরপুর সাইবার অপরাধ বিভাগের একটি টিম। তাদের জিজ্ঞাসাবাদে পুলিশ জানতে পারে প্রায় ৪০ জনের একটি টিম অনলাইন জুয়া ওয়ানএক্সবেটে কাজ করে। এদের মধ্যে তারা দুজন। জনি ইতোমধ্যে গত মাসে জুয়া খেলে ১৭ লাখ টাকা লাভ করেছে বলেও পুলিশের এই বিভাগটিকে জানায়। জনি ব্যক্তিগতভাবে ব্যবহার ইয়ামাহা আর১৫ মডেলের দামি মোটরসাইকেল ও আইফোন ১২প্লাস মডেলের মোবাইল ফোন। পরে তাদের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দায়ের করা হয়। যার মামলা নম্বর-৩।

এই দুইজনের মধ্যে জনিকে নিয়ে এলাকায় নানা আলোচনা হয়। জনির প্রতিবেশী হাফিজুল ইসলাম জানান, জনির জীবনযাপন দেখে তার অর্থের উৎস কি জানতে চাইলে সে বলতো একটি কোম্পানিতে চাকরি করি। এর কিছু বলেনা। তবে জনির নানি রাবেয়া খাতুনসহ তার পরিবারের সদস্যরা জনিকে ভালো ছেলে বলেই আখ্যায়িত করেন।
তবে মেহেদীর পিতা আব্দুল কাদের তার ছেলেকে নির্দোষ দাবি করে বলেন, তার ছেলে জনির সাথে ঘুরতো। পুলিশ তার ছেলেকে জনির সাথে পেয়ে ধরে নিয়ে গেছে।

তবে কোমরপুরের মাহফুজুর রহমান নবাব নামের আরেক তরুণ রাজধানীতে লেখাপড়া করতে গিয়ে জড়িয়ে পড়েন অনলাইন জুয়ায়। তার স্ত্রীকে মনিরা আক্তারকেও নামান এই পথে। গত ১৩ নভেম্বর কক্সবাজার থেকে এ

দম্পতিকে আটক করে সিআইডির একটি টিম। পৃথকভাবে ১১ জন আটক হলেও মেহেরপুরের ৭ জনের তথ্য রয়েছে মেহেরপুর সাইবার অপরাধ বিভাগের কাছে।

সিআইডির অভিযানে আটক আসলাম উদ্দীনের বাড়ি মেহেরপুর সদর উপজেলার দরবেশপুর গ্রামে। আসলাম উদ্দীনের বারাদি বাজারে মোবাইল ব্যাঙ্কিংয়ের এজেন্ট ব্যবসা রয়েছে। তার এ এজেন্টের মাধ্যমে লেনদেন করা হতো জুয়ার টাকা। এমন তথ্য রয়েছে সিআইডির কাছে।

মেহেরপুর সাইবার ক্রাইম বিভাগের ইনচার্জ এসআই তরিকুল ইসলাম বলেন, ইসলামপুর থেকে আটক দুইজনই অনলাইন জুয়া ওয়ানএক্স বেটের সাথে জড়িত। এদের মধ্যে জনি মিয়া এজেন্ট। সে জিজ্ঞাসাবাদে গত মাসে ১৭ লাখ টাকা লাভ করেছে বলে স্বীকার করেছে। তাদের সাথে জড়িত অর্ধশতের জনের তথ্য পাওয়া যাচ্ছে। অনলাইন জুয়া নিয়ে কোন আইন না থাকায় তাদের অর্থ অনলাইনের মাধ্যমে লেনদেন করায় ডিজিটাল নিরাপত্তা আইনে মামলা দেওয়া হচ্ছে।

মেহেরপুরের পুলিশ সুপার মো: রাফিউল আলম বলেন, আটক দুই জনের বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আইনের মামলা দায়ের করা হয়েছে। তারা ১৬৪ ধরায় স্বাকীরোক্তীমূলক জবানবন্দীতে অনলাইনে জুয়া খেলার কথা স্বীকার করেছে এবং কারা জড়িত আছে তাদেরও তথ্য দিয়েছে। আমরা ইতমধ্যে সাইবার অপরাধ বিভাগ নামে একটি বিভাগ করেছি। যারা এই ধরণের কর্মকাণ্ড নিয়ে কাজ করছে। তথ্য প্রমান সাপেক্ষে বাকিদের বিরুদ্ধেও ব্যবস্থা গ্রহণ করা হবে।

তিনি আরো বলেন, মেহেরপুরে যেন এ ধরণের অপরাধে আর কেউ জড়িত না হয় সেজন্য কঠোর নজরদারিতে রাখা হয়েছে।

জাকারবার্গকে আইনি নোটিশ

জনপ্রিয় সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের অপব্যবহার রোধ এবং এ দেশে এর কার্যক্রম নিয়ন্ত্রণে উদ্যোগ নিতে ফেসবুকের প্রতিষ্ঠাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা মার্ক জাকারবার্গসহ পাঁচজনকে আইনি নোটিশ দেওয়া হয়েছে।

গতকাল বৃহস্পতিবার শিক্ষক, সাংবাদিক ও আইনজীবীসহ চারজনের পক্ষে রেজিস্ট্রি ডাকে এই নোটিশ পাঠান ব্যারিস্টার তাপস কান্তি বল। জানা গেছে, আন্তর্জাতিক নীতিমালা অনুযায়ী ফেসবুক পরিচালনার জন্য ফেসবুকের প্রধান নির্বাহী মার্ক জাকারবার্গ ছাড়াও বাংলাদেশ টেলিকমিনিউকেশন রেগুলেটরি কমিশনের (বিটিআরসি) চেয়ারম্যান, তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সচিব ও ডিজিটাল নিরাপত্তা সংস্থার মহাপরিচালককে এ নোটিশ পাঠানো হয়েছে। ওই নোটিশে ফেসবুকের অপব্যবহার রোধে আন্তর্জাতিক নীতিমালা অনুযায়ী পরিচালনা করতে নোটিশগ্রহীতাদের ব্যবস্থা নিতে বলা হয়েছে। নোটিশপ্রাপ্তির তিন দিনের মধ্যে নোটিশগ্রহীতাদের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে সময় বেঁধে দেওয়া হয়েছে। অন্যথায় প্রতিকার চেয়ে আইনগত পদক্ষেপ নেওয়া হবে বলেও নোটিশে জানানো হয়েছে।

ফেসবুকের বিকল্প যে পাঁচটি অ্যাপ

বর্তমানে বিশ্বের বৃহত্তম সামাজিক যোগাযোগ নেটওয়ার্ক ফেসবুক। কোটি কোটি ব্যবহারকারী এর সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত। তবে এ ফেসবুকের বিকল্প কিছু অ্যাপস রয়েছে, যেগুলো বৈশিষ্ট্যের বিচারে ফেসবুক থেকে কোনো অংশে কম নয়। আজ ফেসবুকের বিকল্প এমনই কয়েকটি প্ল্যাটফরম নিয়ে বিস্তারিত লিখেছেন- তানভীর তানিম

ফেসবুকের বিকল্প অ্যাপগুলো মূলত থার্ড পার্টি ডেভেলপারদের তৈরি। যা আপনাকে অফিসিয়াল ফেসবুকের মতোই অনুভূতি জোগাবে। তবে এ ধরনের অ্যাপসের একটা বড় অংশকে ফেসবুকের ব্রাউজার সংস্করণের মোড়ক বলে বেশিরভাগ প্রযুক্তিবিদ মনে করেন। অ্যাপগুলো ব্যবহারকারীকে আরও নির্বিঘ্নে টুইটার, ইনস্টাগ্রামসহ একাধিক সোশ্যাল মিডিয়ার অ্যাকাউন্টে লগইন করার সুবিধা দেয়।

ফ্রেন্ডলি সোশ্যাল ব্রাউজার

ফ্রেন্ডলি শুধু আপনাকে ফেসবুক ব্যবহারের দুর্দান্ত অভিজ্ঞতাই

প্রদান করে না। এর সঙ্গে যুক্ত রয়েছে ফেসবুক ও মেসেঞ্জার। যার মাধ্যমে বন্ধুদের সঙ্গে চ্যাট করার পাশাপাশি তাদের স্ট্যাটাস আপডেটও আপনি দেখতে পারবেন। অ্যাপটি ব্যবহারকারীকে তার স্ট্যাটাস ও পোস্ট লুকিয়ে রাখা অর্থাৎ নিউজফিড কাস্টমাইজ করার মতো সুবিধা প্রদান করে? তাছাড়া ইনস্টাগ্রাম, টুইটার, রেডিট, টিকটকসহ বিভিন্ন সামাজিক মিডিয়া অ্যাকাউন্টে লগইন করার সুবিধা তো থাকছেই।

এক নজরে ফ্রেন্ডলি সোশ্যাল ব্রাউজার: * আকার-১১ মেগাবাইট * রেটিং-৪.৩ * ডাউনলোড-১ মিলিয়নের বেশি

সিম্পল সোশ্যাল ব্রাউজার

সিম্পল সোশ্যাল ব্রাউজার হলো ফেসবুকের আদলে তৈরি একটি অ্যাপ। যা মূলত ব্রাউজার ভিউয়ে তৈরি ফেসবুকের ওয়েব সংস্করণ। অ্যাপটি আপনাকে সম্পূর্ণ কার্যকারিতা প্রদান এবং ফোনের স্টোরেজ ধরে রাখার মধ্যে একটি চমৎকার ভারসাম্য প্রদান করবে।

এটি মেসেঞ্জারের সঙ্গে আসল ফেসবুক অ্যাপটিকেও সংযুক্ত করে এবং ব্যাকগ্রাউন্ডে ১০ মেগাবাইটের বেশি র্যাম ব্যবহার না করার দাবি করে। অ্যাপটি চমৎকার ইউআই (টও)সহ অসংখ্য বৈশিষ্ট্যের অধিকারী। যেমন: লাইভ ভিডিও দেখার ক্ষমতা, টিভিতে কাস্ট করা, প্রয়োজনীয় ভিডিও-ছবি ডাউনলোড করা ইত্যাদি।

এক নজরে সিম্পল সোশ্যাল ব্রাউজার: * আকার-৪.৩ মেগাবাইট * রেটিং-৪.২ * ডাউনলোড-৫ লাখের বেশি

হারমিট

হারমিট অত্যন্ত আকর্ষণীয় একটি অ্যাপ যা অনেকটা ফেসবুকের লাইট সংস্করণের মতো? এটি ব্যবহারকারীদের নাইট এবং রিডিং নামক দুটি মোড ব্যবহারের সুবিধা দেয়। হারমিট বিজ্ঞাপন এবং পপ আপ ব্লক করার মাধ্যমে তার জাদুকরী ক্ষমতা প্রদর্শন করে। ফেসবুকের এ লাইট অ্যাপটি আপনার প্রত্যাশার বেশির ভাগ বৈশিষ্ট্য বহন করে। তবে এর মাধ্যমে আপনি কোনো মেসেজ দেখতে পারবেন না। এজন্য আপনাকে একটি আলাদা অ্যাপ বা অতিরিক্ত দুটি বৈশিষ্ট্য ইনস্টল করতে হবে।

এক নজরে হারমিট : * আকার-২.৯ মেগাবাইট * রেটিং-৩.৯ * ডাউনলোড-১ মিলিয়নের বেশি

নো সিন

নো সিন ডার্ক থিমযুক্ত একটি অ্যাপ। এটি প্রধানত গোপনীয়তার ওপর গুরুত্ব দেয়। সামাজিক যোগাযোগমাধ্যমের সব ধরনের চমৎকার সুবিধা আপনি এ অ্যাপ থেকে পাবেন। নো সিনের মাধ্যমে বার্তা আদান-প্রদান করা সম্ভব।

অ্যাপ সিকিউরিটি লক ও কাস্টম ফন্ট সেট করতে এবং বেনামে স্টোরি দেখতে নো সিনের কোনো জুড়ি নেই। এর অন্য একটি বৈশিষ্ট্য হলো, নো সিন আপনাকে বার্তা দেখা ও পড়ার সময় অন্যদের অবহিত না করে বেনামে বার্তা পড়ার সুবিধা দেয় যা অধিকাংশের কাছে আকর্ষণীয়।

এক নজরে নো সিন : * আকার-২৭ মেগাবাইট * রেটিং-৩.৮ * ডাউনলোড-৫ লাখের বেশি

ফোলিও

ফোলিও ফেসবুকের একটি র্যাপার অ্যাপ। যা বেশ কিছু আকর্ষণীয় অ্যাড-অন বৈশিষ্ট্যযুক্ত। উদাহরণস্বরূপ, আপনি কত ঘন ঘন অ্যাপটি আপডেট করতে চান সেটি কাস্টমাইজ করে নিতে পারবেন। নিশ্চয় যখন আপনি কর্মস্থলে থাকেন বা থিয়েটারে কোনো সিনেমা দেখেন তখন এ বাড়তি ঝামেলার মুখোমুখি হতে চাইবেন না। অ্যাপটি ব্যবহার করে আপনি একটি চার-সংখ্যার পাসকোড তৈরি করতে পারেন যা অননুমোদিত অ্যাক্সেস প্রতিরোধ করে। অন্যান্য সুবিধার মধ্যে রয়েছে বিজ্ঞাপন ব্লক করা, ফটো এবং ভিডিও ডাউনলোড এবং ডার্ক বা নাইট মোড।

এক নজরে ফোলিও: * আকার-১১ মেগাবাইট * রেটিং-৪.৪ * ডাউনলোড-১ মিলিয়নের বেশি

ফেসবুকের বিকল্প এসব অ্যাপগুলোর লক্ষ্য হলো ডিভাইসের ফ্রি স্পেস বাঁচাতে আপনাকে সাহায্য করা। সে ক্ষেত্রে ফেসবুক অ্যাপের সংযোজন আপনাকে লক্ষ্যচ্যুত করতে পারে।

ফেসবুকের বিকল্প যে পাঁচটি

অ্যাপ

বর্তমানে বিশ্বের বৃহত্তম সামাজিক যোগাযোগ নেটওয়ার্ক ফেসবুক। কোটি কোটি ব্যবহারকারী এর সঙ্গে সক্রিয়ভাবে যুক্ত। তবে এ ফেসবুকের বিকল্প কিছু অ্যাপস রয়েছে, যেগুলো বৈশিষ্ট্যের বিচারে ফেসবুক থেকে কোনো অংশে কম নয়। আজ ফেসবুকের বিকল্প এমনই কয়েকটি প্ল্যাটফরম নিয়ে বিস্তারিত লিখেছেন- তানভীর তানিম

ফেসবুকের বিকল্প অ্যাপগুলো মূলত থার্ড পার্টি ডেভেলপারদের তৈরি। যা আপনাকে অফিসিয়াল ফেসবুকের মতোই অনুভূতি জোগাবে। তবে এ ধরনের অ্যাপসের একটা বড় অংশকে ফেসবুকের ব্রাউজার সংস্করণের মোড়ক বলে বেশিরভাগ প্রযুক্তিবিদ মনে করেন। অ্যাপগুলো ব্যবহারকারীকে আরও নির্বিঘ্নে টুইটার, ইনস্টাগ্রামসহ একাধিক সোশ্যাল মিডিয়ার অ্যাকাউন্টে লগইন করার সুবিধা দেয়।

ফ্রেন্ডলি সোশ্যাল ব্রাউজার

ফ্রেন্ডলি শুধু আপনাকে ফেসবুক ব্যবহারের দুর্দান্ত অভিজ্ঞতাই প্রদান করে না। এর সঙ্গে যুক্ত রয়েছে ফেসবুক ও মেসেঞ্জার। যার মাধ্যমে বন্ধুদের সঙ্গে চ্যাট করার পাশাপাশি তাদের স্ট্যাটাস আপডেটও আপনি দেখতে পারবেন। অ্যাপটি ব্যবহারকারীকে তার স্ট্যাটাস ও পোস্ট লুকিয়ে রাখা অর্থাৎ নিউজফিড কাস্টমাইজ করার মতো সুবিধা প্রদান করে? তাছাড়া ইনস্টাগ্রাম, টুইটার, রেডিট, টিকটকসহ বিভিন্ন সামাজিক মিডিয়া অ্যাকাউন্টে লগইন করার সুবিধা তো থাকছেই।

এক নজরে ফ্রেন্ডলি সোশ্যাল ব্রাউজার: * আকার-১১ মেগাবাইট * রেটিং-৪.৩ * ডাউনলোড-১ মিলিয়নের বেশি

সিম্পল সোশ্যাল ব্রাউজার

সিম্পল সোশ্যাল ব্রাউজার হলো ফেসবুকের আদলে তৈরি একটি অ্যাপ। যা মূলত ব্রাউজার ভিউয়ে তৈরি ফেসবুকের ওয়েব সংস্করণ। অ্যাপটি আপনাকে সম্পূর্ণ কার্যকারিতা প্রদান এবং ফোনের স্টোরেজ ধরে রাখার মধ্যে একটি চমৎকার ভারসাম্য প্রদান করবে।

এটি মেসেঞ্জারের সঙ্গে আসল ফেসবুক অ্যাপটিকেও সংযুক্ত করে এবং ব্যাকগ্রাউন্ডে ১০ মেগাবাইটের বেশি র্যাম ব্যবহার না করার দাবি করে। অ্যাপটি চমৎকার ইউআই (টও)সহ অসংখ্য বৈশিষ্ট্যের অধিকারী।

যেমন: লাইভ ভিডিও দেখার ক্ষমতা, টিভিতে কাস্ট করা, প্রয়োজনীয় ভিডিও-ছবি ডাউনলোড করা ইত্যাদি।

এক নজরে সিম্পল সোশ্যাল ব্রাউজার: * আকার-৪.৩ মেগাবাইট * রেটিং-৪.২ * ডাউনলোড-৫ লাখের বেশি

হারমিট

হারমিট অত্যন্ত আকর্ষণীয় একটি অ্যাপ যা অনেকটা ফেসবুকের লাইট সংস্করণের মতো? এটি ব্যবহারকারীদের নাইট এবং রিডিং নামক দুটি মোড ব্যবহারের সুবিধা দেয়। হারমিট বিজ্ঞাপন এবং পপ আপ ব্লক করার মাধ্যমে তার জাদুকরী ক্ষমতা প্রদর্শন করে। ফেসবুকের এ লাইট অ্যাপটি আপনার প্রত্যাশার বেশির ভাগ বৈশিষ্ট্য বহন করে। তবে এর মাধ্যমে আপনি কোনো মেসেজ দেখতে পারবেন না। এজন্য আপনাকে একটি আলাদা অ্যাপ বা অতিরিক্ত দুটি বৈশিষ্ট্য ইনস্টল করতে হবে।

এক নজরে হারমিট : * আকার-২.৯ মেগাবাইট * রেটিং-৩.৯ * ডাউনলোড-১ মিলিয়নের বেশি

নো সিন

নো সিন ডার্ক থিমযুক্ত একটি অ্যাপ। এটি প্রধানত গোপনীয়তার ওপর গুরুত্ব দেয়। সামাজিক যোগাযোগমাধ্যমের সব ধরনের চমৎকার সুবিধা আপনি এ অ্যাপ থেকে পাবেন। নো সিনের মাধ্যমে বার্তা আদান-প্রদান করা সম্ভব।

অ্যাপ সিকিউরিটি লক ও কাস্টম ফন্ট সেট করতে এবং বেনামে স্টোরি দেখতে নো সিনের কোনো জুড়ি নেই। এর অন্য একটি বৈশিষ্ট্য হলো, নো সিন আপনাকে বার্তা দেখা ও পড়ার সময় অন্যদের অবহিত না করে বেনামে বার্তা পড়ার সুবিধা দেয় যা অধিকাংশের কাছে আকর্ষণীয়।

এক নজরে নো সিন : * আকার-২৭ মেগাবাইট * রেটিং-৩.৮ * ডাউনলোড-৫ লাখের বেশি

ফোলিও

ফোলিও ফেসবুকের একটি র্যাপার অ্যাপ। যা বেশ কিছু আকর্ষণীয় অ্যাড-অন বৈশিষ্ট্যযুক্ত। উদাহরণস্বরূপ, আপনি কত ঘন ঘন অ্যাপটি আপডেট করতে চান সেটি কাস্টমাইজ করে নিতে পারবেন। নিশ্চয় যখন আপনি কর্মস্থলে থাকেন বা থিয়েটারে কোনো সিনেমা দেখেন তখন এ বাড়তি

ঝামেলার মুখোমুখি হতে চাইবেন না। অ্যাপটি ব্যবহার করে আপনি একটি চার-সংখ্যার পাসকোড তৈরি করতে পারেন যা অননুমোদিত অ্যাক্সেস প্রতিরোধ করে। অন্যান্য সুবিধার মধ্যে রয়েছে বিজ্ঞাপন ব্লক করা, ফটো এবং ভিডিও ডাউনলোড এবং ডার্ক বা নাইট মোড।

এক নজরে ফোলিও: * আকার-১১ মেগাবাইট * রেটিং-৪.৪ * ডাউনলোড-১ মিলিয়নের বেশি

ফেসবুকের বিকল্প এসব অ্যাপগুলোর লক্ষ্য হলো ডিভাইসের ফ্রি স্পেস বাঁচাতে আপনাকে সাহায্য করা। সে ক্ষেত্রে ফেসবুক অ্যাপের সংযোজন আপনাকে লক্ষ্যচ্যুত করতে পারে।

সূত্র-যুগান্তর

সূর্য থেকে দূরে সরে যাচ্ছে প্লুটো

ক্রমশ সূর্য থেকে দূরে সরে যাচ্ছে প্লুটো। বিলীন হয়ে যাচ্ছে প্লুটোকে ঘিরে থাকা বায়ুমণ্ডল। সম্প্রতি বিজ্ঞানীরা লক্ষ করেছেন, প্লুটোর বায়ুমণ্ডল ক্রমশ বদলাচ্ছে। মার্কিন যুক্তরাষ্ট্র এবং মেক্সিকোর একাধিক স্থান থেকে টেলিস্কোপের মাধ্যমে প্লুটোকে পর্যবেক্ষণ করেছেন বিজ্ঞানীরা। প্লুটোর অত্যন্ত পাতলা বায়ুমণ্ডলও তারা মনোযোগের সঙ্গে নিরীক্ষণ করেছেন। প্রসঙ্গত, পৃথিবী থেকে ৪.৮ বিলিয়ন কিলোমিটার দূরে রয়েছে বরফাবৃত এ গ্রহাণুটি।

সাউথ-ওয়েস্ট রিসার্চ ইনস্টিটিউটের বিজ্ঞানীরা এ গবেষণা করেন। ২০১৮ সাল নাগাদ প্লুটো নিয়ে চর্চা শুরু করেন তারা। তারা জানান, সূর্য থেকে প্লুটোর দূরে সরে যাওয়ার সঙ্গেই যোগ আছে প্লুটোর বায়ুমণ্ডলের ঘনত্ব কমে যাওয়াও। গবেষণা জানাচ্ছে, ক্রমশ শীতল

হচ্ছে প্লুটো। বিজ্ঞানীরা ব্যাখ্যা করছেন, প্লুটোর বায়ুমণ্ডলের চাপ এবং ঘনত্ব ক্রমশ বাড়ছে। এর পেছনে রয়েছে ‘থার্মাল ইনারশিয়া’।

হোয়াটসঅ্যাপ ‘লক’ করবেন যেভাবে

মেটার মালিকানাধীন মেসেজিং প্ল্যাটফরম হোয়াটসঅ্যাপে এন্ড-টু- এন্ড এনক্রিপ্টেড সুবিধার পাশাপাশি অ্যাপকে ‘লক’ করে রাখার মতো ফিচার রয়েছে। ফোনের বায়োমেট্রিক সুরক্ষা প্রক্রিয়া ব্যবহার করে থাকে অ্যাপটি। ফলে ফেস আইডি বা আঙুলের ছাপ ছাড়া খোলাই যায় না হোয়াটসঅ্যাপ। অপারেটিং সিস্টেমের ভিন্নতার কারণে অ্যান্ড্রয়েড এবং আইওএস-এ পদ্ধতিটা কিছুটা আলাদা। হোয়াটসঅ্যাপ লক করার উপায় নিয়ে আজকের টিপস। লিখেছেন- ফয়সাল আহমাদ

অ্যান্ড্রয়েডে হোয়াটসঅ্যাপ ‘লক’ করার উপায় অ্যান্ড্রয়েড অপারেটিং সিস্টেম চালিত ডিভাইসে ফোনের ‘ফিঙ্গারপ্রিন্ট রিডার’ ব্যবহার করে নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব।

* প্রথমেই অ্যান্ড্রয়েড ডিভাইসে হোয়াটসঅ্যাপ চালু করতে হবে।

* স্ক্রিনের ওপরের অংশে ডানপাশে তিন ডট মেন্যু থেকে সেটিংস নির্বাচন করে অ্যাকাউন্টে ট্যাপ করতে হবে।

* এরপর প্রাইভেসি অপশনে ট্যাপ করে স্ক্রিনের নিচের অংশ থেকে ‘ফিঙ্গারপ্রিন্ট লক’ অপশনে ট্যাপ করতে হবে।

* এবার ফিঙ্গারপ্রিন্ট লক স্ক্রিন থেকে চালু করে নিতে হবে ‘আনলক উইথ ফিঙ্গারপ্রিন্ট’ অপশনটি। এজন্য শুধু বাটনটি ডান দিকে সোয়াইপ করে নিলেই চলেবে।

* অ্যাপ বন্ধ করার কতক্ষণের মধ্যে তাতে ঢুকতে আবার ফেস আইডি লাগবে তা-ও ঠিক করে দেওয়া যাবে। তিনটি অপশন রয়েছে, প্রথমটি তাৎক্ষণিকভাবেই, দ্বিতীয়টি এক মিনিট পর। আর তৃতীয়টি ৩০ মিনিট পর।

আইফোনে যেভাবে লক হবে হোয়াটসঅ্যাপ

আইওএস অপারেটিং সিস্টেম চালিত ফোনে ফেস আইডি বা টাচ আইডি দিয়ে ডিভাইস লক রাখা যাবে। এটি নির্ভর করবে ব্যবহারকারী কোনো মডেলের ফোন ব্যবহার করছেন তার ওপর। আইফোন যেটাই হোক না কেন, প্রক্রিয়া একটাই।

* প্রথমে আইফোনে হোয়াটসঅ্যাপ চালু করে স্ক্রিনের নিচের অংশে ডান দিক থেকে সেটিংস নির্বাচন করতে হবে।

* অ্যাকাউন্টে ট্যাপ করার পর প্রাইভেসি অপশনে ট্যাপ করে স্ক্রিনের নিচ থেকে ‘স্ক্রিন লক’ ক্লিক করতে হবে।

* এখানে ‘রিকয়ার ফেস আইডি’ অথবা ‘রিকয়ার টাচ আইডি’ অপশনটি থাকবে। ফিচারটি চালু করতে বাটনটিকে ডান দিকে সোয়াইপ করতে হবে।

* কতক্ষণ পরে অ্যাপে প্রবেশ করতে হলে ফেস আইডির প্রয়োজন পড়বে, তা উল্লেখ করে দেওয়া যাবে।